

তারিখ 04 Mar, 2026 - General - Page 5

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক মুসলিম নারী সায়েন্স নেটওয়ার্কের যাত্রা শুরু

■ বরিশাল অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ে 'ইন্টারন্যাশনাল সোসাইটি অব মুসলিম ওমেন ইন সায়েন্স (আইএসএমডব্লিউএস)' নামক আন্তর্জাতিক বৈজ্ঞানিক সংগঠনের বরিশাল বিশ্ববিদ্যালয় চ্যান্টারের যাত্রা শুরু হয়েছে। বিজ্ঞান, গবেষণা এবং শিক্ষাক্ষেত্রে মুসলিম নারীদের সমর্থন, উৎসাহিতকরণ এবং তাদের অগ্রগতির লক্ষ্যে গত রবিবার সকালে বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ কনফারেন্স হলে এর উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে কি-নোট স্পিকার ছিলেন আইএসএমডব্লিউএস, ওহিও স্টেট ইউনিভার্সিটি ইউএসএ-এর প্রতিষ্ঠাতা সভাপতি প্রফেসর ড. সুলতানা নুরুল্লাহার। কি-নোট স্পিকার তার আলোচনায় বলেন, সায়েন্স ব্যতীত বর্তমানে কোনো কিছুই সম্ভব না। তিনি গবেষণায় মুসলিম নারী শিক্ষার্থীদের সম্ভাবনার কথা বলেন। বিজ্ঞানে তিনি মুসলিম বিশ্বের নারীদের

ইতিহাসও তুলে ধরেন। কীভাবে নারীরা গবেষণায় অংশ নিয়েছে। তিনি বলেন, পোশাক কখনোই কোনো প্রতিবন্ধকতা হতে পারে না, যদি নারীর ইচ্ছা শক্তি এবং সংকল্প দৃঢ় থাকে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ তৌফিক আলম এবং বিশেষ অতিথি ছিলেন রেমন ম্যাগসেসে পুরস্কারজয়ী আইসিডিডিআর,বির বিশিষ্ট বিজ্ঞানী ড. ফেরদৌস কাদরী।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আইএসএমডব্লিউএস বরিশাল বিশ্ববিদ্যালয় চ্যান্টারের সভাপতি ও পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. রহিমা নাসরিন। উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ডিন ও কোস্টাল স্টাডিজ অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের সহযোগী অধ্যাপক ড. হাফিজ আশরাফুল হক।

